প্রথম আলো

তারিখ ... 2 8 MAR 2017 ...
পৃষ্ঠা ... ২১ ... কলাম ... ২ ...

# গার্হস্থ্য অর্থনীতি কলেজের অবরোধে বিরতি, ক্লাস-পরীক্ষা বর্জন চলবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট করার দাবিতে সড়ক অবরোধে বিরতি টানছেন রাজধানীর আজিমপুরের গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীরা। গতকাল রোববার কলেজের সামনে অবস্থান কর্মসূচি থেকে এই ঘোষণা দেওয়া হয়।

আন্দোলনরত ছাত্রীদের অন্যতম সমন্বয়কারী ইসরাত জাহান বলেন, 'কিছুদিন আমরা আর সড়ক অবরোধ করছি না। তবে ক্লাস-পরীক্ষা বর্জনসহ ক্যাম্পাসের ভেতরে অবরোধ চলবে। ক্লাস-পরীক্ষাসহ কলেজের সব প্রশাসনিক কর্মকাণ্ড বন্ধ থাকবে।' তিনি আরও বলেন, পরিস্থিতি উত্তপ্ত হয়ে যাচ্ছে বলে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গত সোমবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত টানা নীলক্ষেত-নিউমার্কেট মোড় অবরোধ করে আন্দোলন করেন ছাত্রীরা। শুক্রবার ছুটির দিন হওয়ায় সেদিন কোনো কর্মসূচি ছিল না। গত শনিবার থেকে কলেজের ছাত্রীরা ক্লাস-পরীক্ষা বর্জন শুরু করেন। পরে কলেজ প্রশাসন প্রথম বর্ষের ইনকোর্স পরীক্ষা স্থগিত করতে বাধ্য হয়।